দৈনিক বাংলা

76

তারিখ ... 12 AUG 1995 ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

# এসএসসির ফল ঃ কক্সবাজারে পরীক্ষার্থীদের বিক্ষোভ

স্টাফ রিপোর্টার ঃ কক্সবাজার, ১১ আগস্ট।– কুমিল্লা বোর্ডের ঘোষিত এসএসসি পরীক্ষার ফলাফল প্রত্যাখ্যান করে কক্সবাজার জেলার শত শত পরীক্ষার্থী গত দু'দিন ধরে এখানে বিক্ষোভ প্রদর্শন করছে। এখানকার পরীক্ষার্থী, শিক্ষক ও অভিভাবকগণ ঘোষিত ফলাফল কিছুতেই মেনে নিতে পারছেন না।

তারা বলছেন ঃ কম্পিউটারে বড় ধরনের ভুল হয়ে গেছে। নাহয় শুধুমাত্র কক্সবাজার জেলার প্রতিটি স্কুলে এভাবে গণফেল করার কথা নয়। এমন কি রামু থানার ৮টি স্কুলের ৪৭২ জন পরীক্ষার্থীর

(৫-এর পৃঃ দ্রঃ)

## এসএসসির ফল

(প্রথম পৃষ্ঠার পর)

মধ্যে মাত্র ৯৭ জন পরীক্ষার্থী পাস করেছে। একজন পরীক্ষার্থীও পাস করেনি এমন স্কুলও রয়েছে।

এসএসসিতে গণফেল করায় ঘরে ঘরে অসন্তোষ দেখা দিয়েছে। বিক্ষুব্ধ ছাত্ররা জেলাব্যাপী আন্দোলনের ব্যাপক কর্মসূচী ঘোষণা করবে বলে জানিয়েছে। তারা অবিলম্বে বোর্ড কর্তৃপক্ষকে ফলাফল পুনঃযাচাই করার দাবী জানিয়েছে।